# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১২

১/ বিবিধ

আরবী

الجراد نثرة حوت في البحر
موضوع

أخرجه ابن ماجه (2 / 292) من طريق زياد بن عبد الله بن علاثة عن موسى بن محمد ابن إبراهيم عن أبيه عن جابر وأنس
أن النبي صلى الله عليه وسلم كان إذا دعا على الجراد قال: " اللهم أهلك كباره واقتل صغاره، وأفسد بيضه واقطع دابره، وخذ بأفواهها عن معايشنا وأرزاقنا إنك سميع الدعاء "، فقال رجل: يا رسول الله كيف تدعوعلى جند من أجناد الله بقطع دابره؟ فقال: " إن الجراد.. "
قلت: وهذا سند ضعيف جدا موسى بن محمد هذا هو التيمي المدني وهو منكر الحديث كما قال النسائي وغيره وقد ساق له الذهبي من مناكيره هذا الحديث، وأورده ابن الجوزي في " الموضوعات " (3 / 14) من رواية موسى هذا، ثم قال: لا يصح، موسى متروك وأقره السيوطي في " اللآليء " (2 / 333) فلم يتعقبه بشيء إلا قوله: قلت: أخرجه ابن ماجه، ومع هذا فقد أورده في " الجامع الصغير "! ، ثم رأيت ابن قتيبة أخرجه في " غريب الحديث " (3 / 114) من رواية أبي خالد الواسطي عن رجل عن ابن عباس موقوفا عليه، وهذا مع أنه موقوف وهو به أشبه فإن سنده واه جدا، لأن أبا خالد هذا وهو عمرو بن خالد متروك ورماه وكيع بالكذب

قلت: ويشبه أن يكون هذا الحديث من الإسرائيليات

বাংলা

১১২। ফড়িং (পতঙ্গ) সামুদ্রিক মাছের হাঁচি।

হাদীসটি জাল।

হাদীসটি ইবনু মাজাহ্ (২/২৯২) যিয়াদ ইবনু আবদিল্লাহ ইবনে আলাসা সূত্রে মূসা ইবনু মুহাম্মাদ হতে বর্ণনা করেছেন ... (এ অংশটুকু বর্ণিত হাদীসের অংশ বিশেষ)।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ খুবই দুর্বল। এ মূসা ইবনু মুহাম্মাদ হচ্ছেন তাইমী মাদানী। তিনি মুনকারুল হাদীস; যেমনভাবে নাসাঈ ও অন্যরা বলেছেন। হাদীসটিকে যাহাবী তার মানাকীর গুলোর একটি মুনকার হাদীস হিসাবে উল্লেখ করেছেন।

হাদীসটিকে ইবনুল জাওযী তার “আল-মাওযুআত” গ্রন্থে (৩/১৪) মূসার সূত্রে উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ্ নয়, মূসা মাতরূক।

সুয়ূতী তার এ কথাকে “আল-লাআলী" গ্রন্থে (২/৩৩৩) সমর্থন করেছেন। তা সত্ত্বেও তিনি হাদীসটি "জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করেছেন।

ইবনু কুতায়বা হাদীসটি “গারীবুল হাদীস” গ্রন্থে (৩/১১৪) আবূ খালিদ আল-ওয়াসেতী সূত্রে ইবনু আব্বাস (রাঃ) হতে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। এটিও মারফুটির ন্যায়। কারণ এর সনদও নিতান্তই দুর্বল। কেননা এ আবূ খালিদ হচ্ছেন আমর ইবনু খালিদ, তিনি মাতরূক। ওয়াকী’ তাকে মিথ্যার দোষে দোষী করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি ইসরাইলী বর্ণনার সাথে সাদৃশ্যপূর্ণ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5373

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন